যুগান্তর

তারিখ ... 3 JUN 2003 ...
পৃঃ ... ১০ কলাম ৩ ...

# এইচএসসি পরীক্ষার চতুর্থ দিনে বহিষ্কৃত চার শতাধিক

যুগান্তর ডেস্ক

এইচএসসি পরীক্ষার চতুর্থ দিনে গতকাল, বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষায় সারাদেশে অসদুপায় অবলম্বনের দায়ে চার শতাধিক পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। বিস্তারিত খবর পাঠিয়েছেন যুগান্তর প্রতিনিধিরা :

**ঝালকাঠি :** পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ঝালকাঠির বিভিন্ন কেন্দ্র থেকে সোমবার এইচএসসির চারজন ও এইচএসসির (ভোকেশনাল) তিনজনসহ মোট সাতজন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে এইচএসসিতে মোল্লারহাটে দু'জন, রাজাপুরে একজন ও নলছিটিতে একজনকে বহিষ্কার করা হয়। এইচএসসির (ভোকেশনাল) তিনজনই বহিষ্কার হয়েছে মোল্লারহাট কেন্দ্র থেকে।

**রাজাপুর (ঝালকাঠি) :** সোমবার ঝালকাঠির রাজাপুরে এইচএসসি পরীক্ষার চতুর্থ দিনে বাংলা দ্বিতীয়পত্র পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে একজন পরীক্ষার্থীকে কর্তৃপক্ষ বহিষ্কার করেছে।

**লক্ষ্মীপুর :** সোমবার লক্ষ্মীপুরের ৮টি কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের দায়ে ১৫ ছাত্রছাত্রীকে বহিষ্কার করা হয়েছে।

**সিরাজগঞ্জ :** সোমবার দু'জন ও ভোকেশনাল পরীক্ষায় পাঁচজন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে। সোমবার রাজশাহী শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক ও সহকারী পরীক্ষা নিয়ন্ত্রকের নেতৃত্বে একটি উচ্চপর্যায়ের ভিজিলেন্স টিম বেলকুচি কলেজ কেন্দ্র পরিদর্শন করে ও সুষ্ঠু এবং নকলমুক্ত পরীক্ষার পরিবেশ অক্ষুণ্ন থাকায় সন্তোষ প্রকাশ করেন।

**গোপালগঞ্জ :** গোপালগঞ্জে এইচএসসি পরীক্ষায় নকল করার দায়ে ১ জনকে বহিষ্কার করা হয়েছে। টুঙ্গিপাড়া উপজেলায় ওই একমাত্র পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

**বেতাগী (বরগুনা) :** সোমবার অসদুপায় অবলম্বনের দায়ে বেতাগী ডিগ্রি কলেজের পরিবর্তিত বেতাগী বালক মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে দু'জনকে বহিষ্কার করা হয়েছে।

**গাইবান্ধা :** সোমবার গাইবান্ধায় অসদুপায় অবলম্বনের দায়ে ২৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। তাদের মধ্যে এইচএসসি পরীক্ষার্থী ১৭ জন এবং এইচএসসি ব্যবসায় ব্যবস্থাপনা (কারিগরি) ৭ জন। এইচএসসি পরীক্ষায় বহিষ্কৃত ১৭ জনের মধ্যে গাইবান্ধা সরকারি কলেজে ২ জন, নলডাংগা ডিগ্রি কলেজে ৮ জন, বামনডাঙ্গা আবদুল হক কলেজে ১ জন, পলাশবাড়ি আদর্শ কলেজে ২ জন ও গোবিন্দগঞ্জ ডিগ্রি কলেজে ৪ জন বহিষ্কৃত হয়েছে। নলডাঙ্গা ডিগ্রি কলেজ কেন্দ্রে পরীক্ষার্থীকে নকল সরবরাহের দায়ে ভবেশ চন্দ্র সরকার নামে ওই কলেজের এক পিয়নকে গ্রেফতার করা হয়েছে।

**শেরপুর :** সোমবার এইচএসসি পরীক্ষার বাংলা দ্বিতীয় পত্রে নকল করার অভিযোগে ৩ জন ও কারিগরি বোর্ডের পরীক্ষায় ২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

**নীলফামারী :** নীলফামারীতে মোট ১২ জন পরীক্ষার্থীকে নকল করার দায়ে বহিষ্কার করা হয়।

**গাজীপুর :** জেলার ১৬টি কলেজ কেন্দ্রের মধ্যে ৪টি কেন্দ্র থেকে ৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে শরীফ মোমতাজ উদ্দিন আহম্মদ কলেজ কেন্দ্রে একজন, ইউনিয়ন ডিগ্রি কলেজ হাইলজোর কেন্দ্রে একজন, কালীগঞ্জ শ্রমিক কলেজ কেন্দ্রে একজন এবং জামালপুর ডিগ্রি কলেজ কেন্দ্রে একজনকে বহিষ্কার করা হয়। এছাড়া এইচএসসির (ব্যবসায় ব্যবস্থাপনা) শ্রীপুর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্র থেকে একজনকে বহিষ্কার করা হয়েছে।

**যশোর ব্যুরো :** যশোর শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষার চতুর্থ দিন গতকাল সোমবার শান্তিপূর্ণভাবে অতিবাহিত হয়েছে। কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। তবে নকলের অভিযোগে যশোর জেলা থেকে মাত্র ৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। গোটা যশোর বোর্ডে এদিন বহিষ্কার হয়েছে ১৯ জন। জেলা ওয়ারি বহিষ্কারের সংখ্যা হচ্ছে- খুলনা, বাগেরহাট ৪, কুষ্টিয়া ২, মেহেরপুর ২, ঝিনাইদহ ১ ও সাতক্ষীরায় ১ জন। যশোর বোর্ড জানায়, সোমবার নড়াইল, মাগুরা ও চুয়াডাঙ্গা জেলা থেকে কোন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়নি।

**জয়পুরহাট :** সোমবার অসদুপায় অবলম্বনের দায়ে জেলার একমাত্র জয়পুরহাট সদরের জয়পুরহাট শহীদ জিয়া কলেজ কেন্দ্র থেকে ১ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে।

**কুমিল্লা :** সোমবার কুমিল্লা শিক্ষাবোর্ডের অধীনে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষার বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষা শেষ হয়েছে। বোর্ডের সর্বত্র পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়, কোথাও কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। বোর্ডের অধীনে ৬টি জেলায় গতকাল পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ১৭ জন ছাত্রছাত্রী বহিষ্কৃত হয়েছে।